



# চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল নং-০১৮২৪৪৭৭৬৯৩



(প্রেস বিজ্ঞপ্তি)

## ত্যাগীরা আছেন বলেই সমাজে

## মানবতার মমার্থ আছে: মেয়র

চট্টগ্রাম-১৮ ফেব্রুয়ারি'২১

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মোহাম্মদ রেজাউল করিম চৌধুরী বলেছেন, সমাজে ত্যাগী মানুষ আছে বলেই মানবতার মমার্থ বিদ্যমান আছে। তাই ত্যাগী মানুষেরাই সমাজের মঙ্গললোক জ্বালিয়ে রাখেন। তিনি আরো বলেন, একান্তরে ত্যাগী মানুষের কারণে মুক্তিযুদ্ধের বিজয় অর্জিত হয়। করোনা যুদ্ধেও ত্যাগী কিছু মানুষ ছিলেন বলেই পরিস্থিতি নিয়ন্ত্রনে রাখা সম্ভব হয়েছে। এরা জাতির সম্পদ।

তিনি আজ বিকেলে হোটেল পেনিনসুলায় গ্র্যান্ড লাইফ-এক্সপো-২০২১ ও কোভিড হিরোস সম্মাননা প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে একথা বলেন। তিনি ফরাসী বিপ্লবের প্রসঙ্গ বিধৃত করে বলেন, ফরাসী বিপ্লবের তারুণ্যের উচ্ছ্বাস। তারুণ বিপ্লবীরা যেদিন বলেছেন তারা যে ত্যাগ করেছেন তা ভবিষ্যতের জন্যই। আজ বাংলাদেশে কোভিড মোকাবেলায় সম্মুখ যোদ্ধারা তাঁদের ত্যাগ সুন্দর আগামী জন্ম নিবেদিত করেছেন। অনুষ্ঠানে তিনি ১৫ জন কোভিড হিরোকে সম্মাননা পদক তুলে দেন। এসময় আরো বক্তব্য রাখেন কোভিড হিরোর সম্মাননা প্রাপ্তদের মধ্যে একুশে পত্রিকার সম্পাদক আজাদ তালুকদার, এডভোকেট রেহানা বেগম রানু, ডা. বিদ্যুৎ বড়ুয়া, মেট্রোপলিটন পুলিশের এডিসি শাহ আবদুর রব, আজাহার মাহমুদ, বখতেয়ার উদ্দীন, ওসি মো. মহসিন, মঞ্জুর আলম, ডা. মোহাম্মদ মাসুদ প্রমুখ।

(প্রেস বিজ্ঞপ্তি)

## ২০ ফেব্রুয়ারি থেকে নগরীতে

## মশক নিধন ও পরিষ্কার-পরিচ্ছন্নতা অভিযান শুরু

চট্টগ্রাম-১৯ ফেব্রুয়ারি'২০২১খ্রিঃ

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের নব-নির্বাচিত মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী'র প্রতিশ্রুত দায়িত্ব গ্রহণের প্রথম ১০০ দিনের জরুরী জনগুরুত্বপূর্ণ কর্মসূচি হিসেবে মশক নিধন, পরিষ্কার-পরিচ্ছন্নতা কার্যক্রম আগামীকাল শনিবার সকাল ১০ টায় নগরীর নতুন চান্দগাঁও থানার সম্মুখ চত্বর থেকে শুরু হবে। এই অভিযাত্রার সূচনা করবেন সিটি মেয়র মো. রেজাউল করিম চৌধুরী। এতে সংশ্লিষ্ট সকলকে উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো যাচ্ছে।

সংবাদদাতা

স্বাক্ষরিত/-

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩